

## পরিচয়

বন্ধু বললো, ওভাবে হবে না, পানসে হয়ে যাচ্ছে।

প্রথমে এলো খেঁপা থেকে শু করবে, তারপরকপাল-----  
না, থাক, কপালের তেমন আবেদন নেই, এরপর  
ঠেঁট চিবুক ঘাড়---এমশ বুক, বুকে এসে একটু থামবে,  
তারপর কোমর নিতম্ব এবং নাভিদেশ --- মনে হয়  
নাভির নিচে তুমি নামতে পারবে না, যদি পারতে  
অনেক উপরে উঠে যেতে।

বন্ধুর সমস্ত কথা হাওয়ায় মিশে গেল।  
শহরের খনি থেকে চাবুকের পর চাবুক মেরে  
তুলে -আনা তাল তাল সোনা অস্তাচলের  
আগুনের মালগাড়িতে তুলে দিগন্তে ঠেলে  
দেবার পর  
সম্প্রা।

আমি এখন রন্ধকরবীর গোড়ায় জল দিচ্ছি।  
রঞ্জন নেই, কিন্তু কেউ না কেউ তো  
আসবেই, একদিন। জল দিচ্ছি।

মণিভূষণভট্টাচার্য

